

আহ্বায়ক, ডিন কাউন্সিল
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট-৩১০০
ফোন : +৮৮০২৯৯৬৬৪২০২৩
ই-মেইল : dean-aet@sau.ac.bd



Convener, Dean Council
Sylhet Agricultural University, Sylhet-3100
Phone: +8802996642023
E-mail: dean-aet@sau.ac.bd

স্মারক নং : ডিন কাউন্সিল/০১/২০/১২৯

তারিখ : ২৩-০১-২০২২

লেভেল-১, সেমিস্টার-১, সেশন : ২০২০-২০২১ এর ভর্তি কার্যক্রম

ভর্তির সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা হতে ৫.০০ ঘটিকা পর্যন্ত


তারিখঃ ২৫/০১/২০২২ হতে ২৭/০১/২০২২

ভর্তি সম্পন্ন করতে করণীয় ধাপসমূহঃ

স্বাস্থ্য পরীক্ষা (সিকুবি হেলথ কেয়ার সেন্টার) → সংশ্লিষ্ট অনুষদ → পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা)
→ সংশ্লিষ্ট হল প্রভোস্ট → রূপালি ব্যাংক লিঃ, সিকুবি শাখা → সংশ্লিষ্ট অনুষদ।

ভর্তির সুযোগপ্রাপ্ত প্রার্থীদের যে সকল প্রয়োজনীয় কাগজপত্র প্রদান করতে হবে সেগুলো হচ্ছেঃ-

- ১। শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এস.এস.সি. এবং এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেট।
- ২। শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এস.এস.সি. এবং এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষার মূল গ্রেডসিট।
- ৩। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।
- ৪। জন্ম নিবন্ধন সনদ (ছায়ালিপি)।
- ৫। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- ৬। সংরক্ষিত আসনে ভর্তি হতে ইচ্ছুক মুক্তিযোদ্ধা/উপজাতী (পার্বত্য চট্টগ্রাম) /উপজাতী(পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) / বিকেএসপি কোটা সনদ (কোটার ভর্তিকৃতদের জন্য) প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে সংশ্লিষ্ট প্রত্যয়নপত্র।
- ৭। মুক্তিযোদ্ধার কোটার ক্ষেত্রে তাদের পিতা/মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়/সরকার স্বীকৃত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র, এবং মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধা সনদ প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গড়মিল হলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র।
- ৮। হেলথ কেয়ার সেন্টার, সিলেট কৃষিবিশ্ববিদ্যালয়, সিলেট কর্তৃক প্রদত্ত মেডিকেল সার্টিফিকেট।
- ৯। রেজিস্ট্রেশন ফরম ও কার্ড আবেদনকারী কর্তৃক স্ব-হস্তে ও সঠিকভাবে পূরণ করতে হবে।
- ১০। সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের ০৩ কপি ও স্ট্যাম্প সাইজের ০২ কপি ছবি।
- ১১। ভর্তি সংক্রান্ত ফি-
ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদের ভর্তিচ্ছুদের পূর্বে জমাকৃত ১০,০০০ টাকার রশিদ এর সাথে আরও ১২,৮০০ (বারো হাজার আটশত) টাকা রূপালি ব্যাংক লিঃ, সিকুবি শাখায় জমার দেয়ার রশিদ ভর্তির সময় প্রদান করতে হবে। এছাড়া ও অন্যান্য অনুষদের (কৃষি, মাৎস্যবিজ্ঞান, কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি, বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ) ক্ষেত্রে ভর্তিচ্ছুদের পূর্বে জমাকৃত ১০,০০০ টাকার রশিদ এর সাথে আরও ৮,৩০০ (আট হাজার তিনশত) টাকা রূপালি ব্যাংক লিঃ, সিকুবি শাখা জমার দেয়ার রশিদ ভর্তির সময় প্রদান করতে হবে।
- ১২। রক্তের গ্রুপ।(যদি জানা থাকে)


23.01.2022

(প্রফেসর ড. মুহাম্মদ রাশেদ আল মামুন)
আহ্বায়ক, ডিন কাউন্সিল ও
আহ্বায়ক, ভর্তি পরীক্ষা কমিটি-২০২১
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।